২.১ পৃথিবীর কেন্দ্রে অভিকর্ষজ ত্বরণের মান কত?

২.২ আলোকরশ্মি সমতলদর্পণের সাথে ৪০° কোণ করে আপতিত হলে প্রতিফলন কোণের মান কত হবে?

২.৩ তারায় তারায় যে আকর্ষণ বল কাজ করে তাকে কী বলে?

২.৪ দুটি বস্তুর মধ্যে আকর্ষণ বল কীভাবে পরিবর্তিত হবে যখন বস্তুদুটির ভর স্থির রেখে তাদের মধ্যে দূরত্ব দ্বিগুণ করা হবে?

২.৫ পেরিস্কোপ কী কাজে ব্যবহৃত হয়?

৩। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ২×৪=৮

৩.১ একটি বস্তুকে ভূপৃষ্ঠ থেকে পৃথিবীর কেন্দ্রে নিয়ে গেলে বস্তুটির ভর ও ভারের কী পরিবর্তন হবে যুক্তিসহ লেখো।

৩.২ চন্দ্রগ্রহণ শুরুর আগে চাঁদকে বিবর্ণ দেখায় কেন?

৩.৩ পৃথিবীতে একটি বস্তুর ওজন ৬০ গ্রাম হলে চাঁদে ওজন কত হবে কারণসহ লেখো।

৩.৪ সিনেমার পর্দা সাদা ও অমসৃণ করা হয় কেন?

৪। একটি সমতল দর্পণে আলোকরশ্মির প্রতিফলন—চিত্র এঁকে দেখাও এবং আপতনবিন্দু, প্রতিফলন কোণ, আপতন কোণ চিহ্নিত করো। ৩

প্রথম একক অভীক্ষার নমুনা প্রশ্নপত্র

বিষয় ঃ জীবন বিজ্ঞান

শ্রেণি — সপ্তম

পূর্ণমান-২০ সময়-৪০ মিনিট

১। সঠিক উত্তর নির্বাচন করে বাক্যটি সম্পূর্ণ করে লেখো ঃ **১×১=১**

(ক) একটি অসমাঙ্গ ফুলের উদাহরণ হল—(i) কুমড়ো (ii) জবা (iii) মটর (iv) ধুতুরা।

২। একটি বাক্যে উত্তর লেখো ঃ **১×২=২**

(i) পাকা আমের কোন্ অংশটি আমরা খাদ্য হিসাবে গ্রহণ করি?

(ii) ফুলের কোন্ দুটি অংশ রূপান্তরিত হয়ে যথাক্রমে ফল এবং বীজ সৃষ্টি করে?

৩। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ঃ **৩×২=৬**

(i) বৃতি ও দলমণ্ডলের মধ্যে দুটি পার্থক্য উল্লেখ করো।

(ii) 'বীজ' ও 'অঙ্কুরোদ্‌গমে'র সংজ্ঞা নির্দেশ করো।

(iii) দ্বিবীজপত্রীবীজ এবং একবীজপত্রী বীজের মধ্যে দুটি পার্থক্য উল্লেখ করো।

৪। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ঃ **৩×২=৬**

(i) একটি সম্পূর্ণ সমাঙ্গ ফুলের চারটি প্রধান অংশের চিত্র এঁকে চিত্রিত করো।

(ii) বীজের 'হাইলাম' (ডিম্বকনালী) কার্নেল (অন্তর্বীজ) এবং 'স্কুটেলাম' (বীজপত্র') কাকে বলে?

৫। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ঃ **৫×১=৫**

(i) মটর বীজের অঙ্কুরোদ্‌গমের বাহ্য শর্তের প্রয়োজনীয়তার পরীক্ষাটি বর্ণনা করো।

(ii) Cucurbita উদ্ভিদের পুরুষফুলের গঠন বর্ণনা করো এবং পুংস্তবক ও স্ত্রী স্তবকের মধ্যে একটি পার্থক্য নির্দেশ করো।

দ্বিতীয় একক অভীক্ষার নমুনা প্রশ্নপত্র
বিষয় ঃ জীবন বিজ্ঞান
শ্রেণি — সপ্তম

পূর্ণমান-২০ **সময়-৪০ মিনিট**

১। সঠিক উত্তর নির্বাচন করে বাক্যটি সম্পূর্ণ করে লেখো। **১×১=১**

(ক) অবসারণী ছিদ্র উপস্থিত থাকে—(i) পুরুষ ব্যাঙে (ii) স্ত্রীব্যাঙে (iii) পুরুষ এবং স্ত্রী উভয় ব্যাঙে (iv) ব্যাঙাচিতে।

২। একটি বাক্যে উত্তর লেখো ঃ **১×৩=৩**

(i) কুনো ব্যাঙ-এর চোয়ালের বিশেষ বৈশিষ্ট্যটি লেখো।

(ii) অ্যালভিওলাই কী?

(iii) বাইল/পিত্ত কী?

৩। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ঃ **২×১=২**

(i) কুনোব্যাঙের দুটি প্রধান পৌষ্টিক গ্রন্থির নাম লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ঃ **৩×৩=৯**

(i) কুনোব্যাঙের হৃৎপিণ্ড, ধমনি ও শিরার একটি করে কাজ উল্লেখ করো।

(ii) কুনোব্যাঙের থাম্বপ্যাড ও কর্ণপটহ কাকে বলে?

(iii) কুনোব্যাঙের মুখগহ্বর-গলবিলীয় শ্বসন সংক্ষেপে বর্ণনা করো। ব্যাঙাচির শ্বাস অঙ্গের নাম লেখো।

৫। নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ (একটি) **৫×১=৫**

(i) কুনোব্যাঙের পৌষ্টিকনালির যে-কোনো পাঁচটি অংশের বর্ণনা সংক্ষেপে লেখো।

(ii) কুনোব্যাঙের রক্তের রং লাল হয় কেন? কুনোব্যাঙের সংবহন তন্ত্রের যে-কোনো চারটি কাজ উল্লেখ করো।

তৃতীয় একক অভীক্ষার নমুনা প্রশ্নপত্র
বিষয় ঃ জীবন বিজ্ঞান
শ্রেণি — সপ্তম

পূর্ণমান-৩০ **সময়—৫৫ মিনিট**

১। সঠিক উত্তর নির্বাচন করে বাক্যটি সম্পূর্ণ করে লেখো। **১×১=১**

(ক) পুরুষ কুনোব্যাঙের গবিনী বহন করে—(i) শুধুমাত্র মূত্র (ii) মূত্র এবং মল (iii) মূত্র এবং শুক্রাণু (iv) শুধুমাত্র শুক্রাণু।

২। একটি বাক্যে উত্তর লেখো ঃ **১×৩=৩**

(i) কুনোব্যাঙের কেন্দ্রিয় স্নায়ুতন্ত্রের প্রধান দুটি অংশ কী কী?

(ii) মসুর উদ্ভিদের ভোজ্য অংশের নাম কী?

(iii) একটি কাষ্ঠ/দারু উৎপাদনকারী উদ্ভিদের নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ঃ **২×১=২**

(i) কুনোব্যাঙের সেরিব্রাল হেমিস্ফিয়ার বা সেরিব্রাম কী?

৪। নিম্নের প্রশ্নগুলির উত্তর দাও ঃ **৩×২=৬**

(i) পাট এবং নারিকেল উদ্ভিদের অর্থনৈতিক গুরুত্ব সংক্ষেপে লেখো।

(ii) সংক্ষেপে কুনোব্যাঙের বৃক্ক, জরায়ু এবং ডিম্বাশয়ের কাজ উল্লেখ করো।

৫। নীম্নের প্রশ্নগুলির উত্তর দাও ঃ **৫×২=১০**

(ক) নিম্নের উদ্ভিদগুলির গুরুত্ব সংক্ষেপে উল্লেখ করো। (১) ধান, (২) সরিষা।

(খ) কুনোব্যাঙের রেচনতন্ত্রের সংক্ষেপে বর্ণনা করো।

৬। চিত্র অঙ্কন করে যে-কোনো ছয়টি অংশ চিহ্নিত করো। **৮+১=৮**

কুনোব্যাঙের মূত্র জনন তন্ত্র/পুরুষ কুনোব্যাঙের জনন তন্ত্র।

চতুর্থ একক অভীক্ষার নমুনা প্রশ্নপত্র
বিষয় ঃ জীবন বিজ্ঞান
শ্রেণি — সপ্তম

পূর্ণমান-২০ **সময়—৪০ মিনিট**

১। সঠিক উত্তর নির্বাচন করে বাক্যটি সম্পূর্ণ করে লেখো। **১×২=২**

(ক) 'ম্যাগট'—লার্ভা দশা দেখা যায়—(i) মশাতে (ii) মাছিতে (iii) রেশমমথে (iv) প্রজাপতিতে।

(খ) 'রেসারপিন' হল একটি রাসায়নিক যৌগ যা পাওয়া যায়—(i) তুলসীতে (ii) সর্পগন্ধাতে (iii) নিমে (iv) সিঙ্কোনাতে।

২। একটি বাক্যে উত্তর লেখো ঃ **১×২=২**

(i) ডেঙ্গুজ্বরের ভাইরাস বহন করে কোন্ জাতীয় মশা?

(ii) পিসিকালচার/মৎস্যচাষ কী?

৩। নিম্নের প্রশ্নের উত্তর লেখো ঃ **২×১=২**

(i) একটি করে ভেষজ উদ্ভিদের এবং পোলট্রিপাখির বৈজ্ঞানিক নাম লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো ঃ **৩×৩=৯**

(i) 'জলাতঙ্ক' কী? এই রোগের কারণ ও লক্ষণগুলি উল্লেখ করো।

(ii) মৌমাছির গুরুত্ব সংক্ষেপে বর্ণনা করো।

(iii) সিঙ্কোনা এবং নিমের গুরুত্ব সংক্ষেপে উল্লেখ করো।

৫। নিম্নের প্রশ্নটির উত্তর দাও ঃ **৫×১=৫**

(i) মশার দ্বারা হয় এমন চারটি রোগের নাম লেখো। মশার ক্ষতিকর ভূমিকা উল্লেখ করো।

পঞ্চম একক অভীক্ষার নমুনা প্রশ্নপত্র

বিষয় ঃ জীবন বিজ্ঞান

শ্রেণি — সপ্তম

লিখিত— ২০

মৌখিক— ১০

পূর্ণমান-২০ সময়-৪০ মিনিট

১। সঠিক উত্তর নির্বাচন করে বাক্যটি সম্পূর্ণ করে লেখো। ১×১=১

(ক) চিংড়ি হল একধরনের—(i) মাছ (ii) পতঙ্গ (iii) সন্ধিপদ (iv) কম্বোজ।

২। সম্পূর্ণ বাক্যে উত্তর লেখো ঃ ১×২=২

(i) একটি ভোজ্যছত্রাকের নাম লেখো।

(ii) যে-কোনো একটি এককোশী প্রাণীর বৈজ্ঞানিক নাম লেখো।

৩। নিম্নের প্রশ্নগুলির উত্তর লেখো ঃ ২×৩=৬

(i) পর্ব নিডারিয়ার যে-কোনো দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(ii) ব্যক্তবীজী ও গুপ্তবীজী উদ্ভিদের মধ্যে দুটি পার্থক্য নির্দেশ করো।

(iii) কীভাবে তুমি একটি ফিতাকৃমিকে একটি গোলকৃমি থেকে পৃথক করবে?

৪। নিম্নের প্রশ্নের উত্তর দাও ঃ ৩×২=৬

(ক) নিম্নের গঠনগুলি যে যে উদ্ভিদে দেখা যায় তাদের নাম লেখো ঃ

(i) রাইজয়েড, (ii) সোরাস, (iii) সর্পিল ক্লোরোপ্লাস্ট (iv) হাইফা, (v) জালিকার শিরাবিন্যাস, (vi) একটি বীজপত্র।

(খ) নিম্নের গঠনগুলি যে যে প্রাণীতে দেখা যায় তাদের নাম লেখো।

(i) ছিদ্রালদেহ, (ii) কানকুয়া, (iii) পালক (iv) ক্লাইটেলাম (v) কোরক, (vi) পিনা/কর্ণছত্র।

৫। নিম্নের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ২+৩=৫

(ক) স্টারফিস্ ও জেলিফিসের মধ্যে প্রভেদ লেখো।

(খ) টিনোফোরা অথবা উভচর শ্রেণির তিনটি শনাক্তকরণ বৈশিষ্ট্য উল্লেখ করো।

প্রথম একক অভীক্ষার নমুনা প্রশ্নপত্র

বিষয় ঃ ইতিহাস

শ্রেণি — সপ্তম

পূর্ণমান-২০ সময়—৪০ মিনিট

১। নিম্নলিখিত প্রশ্নগুলি নির্দেশিকা অনুযায়ী উত্তর দাও ঃ ১×৪=৪

(ক) খ্রিস্টীয় পঞ্চম শতক থেকে ইউরোপে দাস ব্যবস্থা অচল হয়ে পড়ে। (সত্য বা মিথ্যা নির্ণয় করো।)

(খ) পশ্চিম রোম সাম্রাজ্যের পতন ঘটে ১৪৭৬ খ্রিস্টাব্দে/১৪৫৩ খ্রিস্টাব্দে/১৫২৫ খ্রিস্টাব্দে—(সঠিক উত্তর খুঁজে নিয়ে লেখো।)

(গ) হূনরা কোন্ জাতির একটি শাখা?—(এক বাক্যে উত্তর দাও)

(ঘ) ইউরোপের প্রাচীন ধর্মকে বলা হত খ্রিস্টধর্ম/পেগান/হিন্দুধর্ম।—(সঠিক উত্তর খুঁজে নিয়ে লেখো।)

২। দুই বা তিন বাক্যে উত্তর দাও ঃ ২×৩=৬

(ক) ইউরোপে দাসব্যবস্থা ভেঙে পড়ে কেন?

(খ) জার্মানদের আদি জীবিকা কী ছিল?

(গ) রোমান সাম্রাজ্যের কী কী অবদান ছিল?

৩। সাত বা আট বাক্যে উত্তর দাও ঃ ৪

মধ্যযুগের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ঃ ২+৪=৬

শাসক হিসাবে জাস্টিনিয়ানের উদ্দেশ্য কী ছিল? 'জাস্টিনিয়ান আইন' এর মূল দিকগুলির পরিচয় দাও।

দ্বিতীয় একক অভীক্ষার নমুনা প্রশ্নপত্র

বিষয় ঃ ইতিহাস

শ্রেণি — সপ্তম

পূর্ণমান-২০ **সময়—৪০ মিনিট**

১। নিম্নলিখিত প্রশ্নগুলি নির্দেশিকা অনুযায়ী উত্তর দাও ঃ **১×৪=৪**

(ক) ইসলাম——ও——আল্লার প্রতি বিশ্বাস করে।—(শূন্যস্থান পূরণ করো।)

(খ) হিজরি সাল গণনা শুরু হয়—হজরতের তায়েফ গমন থেকে/আবিসিনিয়া গমন থেকে/মদিনায় গমন থেকে/বদর যুদ্ধ থেকে।—(সঠিক উত্তর খুঁজে নিয়ে লেখো।)

(গ) শার্লামেনের নেতৃত্বে যে সাম্রাজ্যের পুনর্জন্ম হয় তা হল (i) পবিত্র রোমের সাম্রাজ্য/ (ii) ক্যারোলিঞ্জিয় সাম্রাজ্য/ (iii) পোপের সাম্রাজ্য।—(সঠিক উত্তর খুঁজে নিয়ে লেখো।)

(ঘ) রাজার বেকন কী ধরনের বৈজ্ঞানিক পদ্ধতির উপর জোর দিতেন?—(এক বাক্যে উত্তর দাও।)

২। দুই বা তিন বাক্যে উত্তর দাও ঃ **২×৩=৬**

(ক) 'মদিনা সনদ' কী? এর গুরুত্ব উল্লেখ করো।

(খ) বোগদাদ কীভাবে সংস্কৃতির কেন্দ্র হয়ে উঠেছিল?

(গ) 'স্কুলমেন' কাদের বলা হত? একজন বিখ্যাত 'স্কুলম্যান' এর নাম লেখো।

৩। সাত বা আট বাক্যে উত্তর দাও ঃ **৪**

ইসলামের প্রসারের কারণগুলি কী ছিল?

৪। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ঃ **৬**

শার্লামেনের রাজ্যাভিষেকের গুরুত্ব আলোচনা করো। তাঁর পরবর্তী কালে পোপ এবং সম্রাটের সম্পর্কে কেন বিবাদ দেখা দেয়?

তৃতীয় একক অভীক্ষার নমুনা প্রশ্নপত্র

বিষয় ঃ ইতিহাস

শ্রেণি — সপ্তম

পূর্ণমান-৩০ সময়—৫৫ মিনিট

১। নিম্নলিখিত প্রশ্নগুলি নির্দেশিকা অনুযায়ী উত্তর দাও ঃ **১×৪=৪**

(ক) সামন্ত্রতন্ত্রের অন্যতম শর্ত ছিল—নিম্নস্তরের ভূস্বামীদের উপরের স্তরের ভূস্বামীদের নিকট আনুগত্য ও আত্মসমর্পণ/উচ্চস্তরের ভূস্বামীদের বাড়িতে নীচুস্তরের ভূস্বামীর বেগার খাটা/বিভিন্ন স্তরের সমান আধিপত্য ও অধিকার।—(সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো।)

(খ) ট্রুবাদুর কারা ছিলেন? —(এক বাক্যে উত্তর দাও।)

(গ) ইউরোপের কোনো এক বিখ্যাত ক্রুসেড যোদ্ধা রাজার নাম লেখো।

(ঘ) ট্রেড গিল্ড ছিল এখনকার শ্রমিক ইউনিয়নের মতো।—(সত্য বা মিথ্যা নির্ণয় করো। (প্রয়োগমূলক)

২। দুই বা তিন বাক্যে উত্তর দাও ঃ **২×৩=৬**

(ক) 'শিভালরি'র আদর্শগুলি সংক্ষেপে উল্লেখ করো।

(খ) বণিকগোষ্ঠীর বাজারের চাহিদা ক্রুসেড কীভাবে এগিয়ে দেয়?

(গ) মধ্যযুগের শহরগুলির বাসিন্দা কোন্ শ্রেণির ছিল? এঁদের সঙ্গে সামন্তপ্রভুদের কেন অনবরত লড়াই হত?

৩। সাত বা আট বাক্যে উত্তর দাও ঃ **৪×২=৮**

(ক) ইউরোপে সামন্ততন্ত্রের কীভাবে সূচনা হয়?

(খ) পশ্চিম ইউরোপের সভ্যতায় ক্রুসেডের প্রভাব কীভাবে পড়েছিল?

৪। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও। **৬×২=১২**

(ক) মধ্যযুগের ভূমিদাস কৃষক এবং মুক্ত কৃষকের অবস্থার পার্থক্য উল্লেখ করো। সামন্তপ্রথায় সার্ফদের অবস্থার সংক্ষিপ্ত বর্ণনা দাও।

(খ) মধ্যযুগের শহরগুলির সংক্ষিপ্ত বিবরণ দাও। শহরের সাধারণ মানুষের জীবন কেন সুখের ছিল না?

চতুর্থ একক অভীক্ষার নমুনা প্রশ্নপত্র

বিষয় ঃ ইতিহাস

শ্রেণি -— সপ্তম

পূর্ণমান-২০

সময়—৪০ মিনিট

১। নিম্নলিখিত প্রশ্নগুলি নির্দেশিকা অনুযায়ী উত্তর দাও ঃ **১×৪=৪**

(ক) তাঙ যুগের শ্রেষ্ঠ কবির নাম——। (শূন্যস্থান পূরণ করো।)

(খ) বুশিডো হল জাপানের শিভ্যালরি।—(সত্য অথবা মিথ্যা নির্ণয় করো।)

(গ) হিউয়েন সাঙের লিখিত পুস্তকের নাম রাজকাহিনী/ভারতভ্রমণের কথা/রত্নাবলী।—(সঠিক উত্তর খুঁজে নিয়ে লেখো।)

(ঘ) তাম্রলিপ্ত কী জন্য বিখ্যাত ছিল?—(এক বাক্যে উত্তর দাও।)

২। দুই বা তিন বাক্যে উত্তর দাও ঃ **২×৩=৬**

(ক) কুবলাই খানের রাজত্বকালকে কেন মোঙ্গল শাসনের স্বর্ণযুগ বলা হয়?

(খ) 'মিকাডো' এবং 'শোগুন' শব্দের অর্থ কী? অষ্টম শতাব্দীর পর জাপানে মিকাডো এবং শোগুনের সম্পর্ক কী ছিল?

(গ) হর্ষবর্ধনের মৃত্যুর পর ''ত্রিমুখী লড়াই কাদের মধ্যে কেন অনুষ্ঠিত হয়েছিল?

৩। সাত বা আট বাক্যে উত্তর দাও ঃ— **৪**

তাঙ যুগে চীনের সভ্যতার অগ্রগতির পরিচয় দাও।

৪। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ঃ **৬**

'সামন্ততন্ত্র' কী? ভারতবর্ষে সামন্ততন্ত্র উৎপত্তির কারণ ও ফলাফল সংক্ষেপে আলোচনা করো।

পঞ্চম একক অভীক্ষার নমুনা প্রশ্নপত্র

বিষয় ঃ ইতিহাস

শ্রেণি — সপ্তম

পূর্ণমান-৩০ **সময়—৫৫ মিনিট**

১। নিম্নলিখিত প্রশ্নগুলি নির্দেশিকা অনুযায়ী উত্তর দাও ঃ **১×৪=৪**

(ক) অরেল স্টাইন বিখ্যাত ছিলেন সাহিত্যিক হিসাবে/ঐতিহাসিক হিসাবে/পুরাতত্ত্ববিদ হিসাবে।—(সঠিক উত্তরটি খুঁজে নিয়ে লেখো।)

(খ) যবদ্বীপে বরোবুদুর স্তূপ——রাজারা নির্মাণ করেন।—(শূন্যস্থান পূরণ করো।)

(গ) দিল্লির সুলতানি শাসনের শুরু হয় ১১৯২/১২০৬/১৩০৩ সালে।—(সঠিক উত্তর খুঁজে নিয়ে লেখো।)

(ঘ) যবন হরিদাস কোন্ মহাপুরুষের শিষ্য ছিলেন?—(এক বাক্যে উত্তর দাও।)

২। দুই বা তিন বাক্যে উত্তর দাও ঃ **২×৩=৬**

(ক) এশিয়ার কোন্ অঞ্চলকে "বৃহত্তর ভারত" বলা হয়, এবং কেন?

(খ) ভক্তিবাদ ও সুফিবাদের মূল কথা কী?

(গ) সুলতানি যুগে হিন্দু-মুসলিম ঐক্য-সাধনের দুইটি পন্থা উল্লেখ করো।

৩। সাত বা আট বাক্যে উত্তর দাও ঃ **৪×২=৮**

(ক) তিব্বতে কীভাবে ভারতীয় প্রভাব বিস্তারিত হয়েছিল তার সংক্ষিপ্ত বর্ণনা দাও।

(খ) বরোবুদুরের স্তূপ সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ দাও।

৪। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ঃ **৬×২=১০**


(ক) সুলতানি যুগে ভারতবর্ষের কথা আমরা কীভাবে জানতে পারি? এই যুগের অর্থনৈতিক জীবনের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) সুলতানি আমলে হিন্দু-মুসলিম ঐক্য ও শিল্প-সংস্কৃতির সমন্বয় সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

প্রথম একক অভীক্ষার নমুনা মূল্যায়ন পত্র
বিষয় ঃ ভূগোল
শ্রেণি — সপ্তম

পূর্ণমান-২০ **সময়—৪০ মিনিট**

১. ভূপৃষ্ঠের রেখা চিত্রে কতকগুলি গুরুত্বপূর্ণ রেখা (নিরক্ষরেখা, মূলমধ্যরেখা, কর্কটক্রান্তি ও মকরক্রান্তি এবং সুমেরু ও কুমেরুবৃত্ত) অঙ্কন কর৷ আছে। যথোপযুক্ত স্থানে তাহাদের নামগুলি নির্দেশ করো। **৩**



২.ক. শুদ্ধ বাক্যের পাশে 'হ্যাঁ' এবং অশুদ্ধ বাক্যের পাশে 'না' লেখো (বাক্যটি উত্তরপত্রে লিখে 'হ্যাঁ' অথবা 'না' লিখবে) **১×২=২**

১. বিষুবরেখাটিতে প্রত্যহ দিনরাত্রির দৈর্ঘ্য সমান।

২. ১৮০ ডিগ্রি পূর্ব দ্রাঘিমা আর ১৮০ ডিগ্রি পশ্চিম দ্রাঘিমা দুটি আলাদা।

২.খ. সঠিক উত্তরটি চিহ্নিত করে বাক্য সম্পূর্ণ করো। **১×২=২**

১. পৃথিবীর কক্ষপথের আকৃতি বৃত্তাকার/উপবৃত্তাকার।

২. নিরক্ষরেখার মান ০ ডিগ্রি / ৯০ ডিগ্রি।

৩. নিম্নলিখিত প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাও ঃ **১×৩=৩**

ক. নিশীথ সূর্যের দেশ কাকে বলে? খ. মুলমধ্যরেখার মান কত?

গ. পৃথিবীর মেরুরেখা তার কক্ষের সঙ্গে কত ডিগ্রি কৌণিকভাবে অবস্থিত?

৪. নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও ঃ **৩×২=৬**

ক. অক্ষরেখা দ্রাঘিমারেখার যে-কোনো তিনটি পার্থক্য লেখো।

খ. পৃথিবীর অপসূর আর অনুসূর অবস্থান কাকে বলে?

৫. পরিক্রমণ গতিতে যে পৃথিবীতে ঋতু পরিবর্তন হয় তা আলোচনা করো। **৪**

	জ্ঞান				বোধ				প্রয়োগ				দক্ষতা				মোট
	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	
	২	২	৩	-	২	২	-	৪	-	-	৩	-	-	-	-	৩	
মোট	৭				৭				৩				৩				২০
	৩৫%				৩৫%				১৫%				১৫%				

দ্বিতীয় একক অভীক্ষার নমুনা মূল্যায়ন পত্র

বিষয় ঃ ভূগোল

শ্রেণি — সপ্তম

পূর্ণমান-২০ সময়—৪০ মিনিট

১. প্রদত্ত আফ্রিকার মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক সহ উল্লেখ করা আছে। যথোপযুক্ত স্থানে তাহাদের নামগুলি নির্দেশ করো। ৩

এটলাস পর্বত, ভিক্টোরিয়া হ্রদ, ভূমধ্যসাগরীয় জলবায়ু অঞ্চল, কঙ্গো নদী, কায়রো শহর, চাঁদ হ্রদ

২. বন্ধনীর মধ্যে থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে বাক্য সম্পূর্ণ করো। ১×৪=৪

ক. নীল নদ (লোহিত সাগরে/আটলান্টিক সাগরে/ভূমধ্যসাগরে) পতিত হয়েছে।

খ. লিভিংস্টোন একটি (নদী/জলপ্রপাত হ্রদ)।

গ. আফ্রিকার মকরক্রান্তীয় অঞ্চলে (সাহারা/কালাহারি/আটাকামা) মরুভূমি সৃষ্টি হয়েছে।

ঘ. এটলাস পর্বত (ভঙ্গিল/স্তূপ/সঞ্চয়জাত) পর্বত।

৩. নিম্নলিখিত প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৩=৩

ক. কোন্ খাল আফ্রিকা মহাদেশের সঙ্গে এশিয়া মহাদেশের সঙ্গে পার্থক্য করেছে?

খ. আফ্রিকা মহাদেশের একটি অন্তর্বাহিনী নদীর নাম করো।

গ. মহাদেশের শেষ সীমাকে কী নামে অভিহিত করা হয়?

৪. নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ৩×২=৬

ক. আফ্রিকার নিরক্ষীয় অরণ্যের বৈশিষ্ট্য কী কী?

খ. আফ্রিকার উত্তরাংশে যখন শীতকাল তখন দক্ষিণাংশে গ্রীষ্মকাল হয় কেন?

৫. ভূপ্রকৃতির পার্থক্য অনুসারে আফ্রিকা মহাদেশকে ভাগ করে দক্ষিণ ও পূর্ব মালভূমি অঞ্চলের ভূমিরূপের পরিচয় দাও। ৪

	জ্ঞান				বোধ				প্রয়োগ				দক্ষতা				মোট
	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	
	২	২	-	৪	২	২	৩	-	-	-	৩	-	-	-	-	৩	
মোট	৭				৭				৩				৩				২০
	৩৫%				৩৫%				১৫%				১৫%				

তৃতীয় একক অভীক্ষার নমুনা মূল্যায়ন পত্র

বিষয় ঃ ভূগোল

শ্রেণি — সপ্তম

পূর্ণমান-৩০ সময়-৫৫ মিনিট

১. প্রদত্ত আফ্রিকার মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক সহ উল্লেখ করা আছে। যথোপযুক্ত স্থানে তাহাদের নামগুলি নির্দেশ করো। ৩

নীল নদ, সাহারা মরুভূমি, আলেকজান্দ্রিয়া বন্দর, খর্টুম, লোহিত সাগর, ত্রিপোলি

২.ক সঠিক উত্তরটি নির্বাচন করে বাক্য সম্পূর্ণ করো। ১×৩=৩

১. নদীমুখ চওড়া হলে তাকে বলে মোহনা/খাড়ি/দোয়াব। ২. গঙ্গোত্রী হিমবাহ হল গঙ্গা/যমুনা/তিস্তা নদীর উৎসস্থল। ৩. বালিয়াড়িময় মরুভূমিকে আর্গ/রোগ/হামাদা বলে।

২.খ. ক স্তম্ভের সঙ্গে খ স্তম্ভ মিলিয়ে বাক্য রচনা করো। ১×৪=৪

ক	খ
১. ত্রিপোলি	১. সাহারা মরুভূমির নদী
২. শট্‌স	২. সুদানের রাজধানী
৩. ওয়াদ দ্রা	৩. ভূমধ্যসাগরের তীরবর্তী বন্দর
৪. খার্টুম	৪. একটি জলাভূমি

৩. নিম্নলিখিত প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৩=৩

ক. নীল নদের ওপর অবস্থিত একটি বাঁধের নাম করো।

খ. মরু অঞ্চলে পরিবহনের প্রধান মাধ্যম কী?

গ. গঙ্গা-যমুনা নদীর মধ্যবর্তী অঞ্চলকে কী নামে অভিহিত করা হয়?

৪. নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ৩×৩=৯

ক. শাখানদী আর উপনদীর মধ্যে প্রভেদ কী?

খ. ক্যানিয়ন ও জলপ্রপাত সৃষ্টি হওয়ার কারণ কী?

গ. সাহারা মরুভূমির জলবায়ুর বৈশিষ্ট্য কী কী?

৫. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৪×২=৮

ক. নিম্নগতিতে নদীসৃষ্ট ভূমিরূপের (যে-কোনো দুটির) চিত্রসহ বর্ণনা দাও।

খ. পৃথিবীর একক দীর্ঘতম নদীটির গতিপথ বর্ণনা করো।

	জ্ঞান				বোধ				প্রয়োগ				দক্ষতা				মোট
	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	
	২	২	-	৮	১	২	৬	-	৪	-	৩	-	-	-	-	৩	
মোট	১১				৯				৭				৩				৩০
	৩৬.৬৬%				৩০%				২৩.৩৩%				১০%				

চতুর্থ একক অভীক্ষার নমুনা মূল্যায়ন পত্র
বিষয় ঃ ভূগোল
শ্রেণি — সপ্তম

পূর্ণমান-২০

সময়-৪০ মিনিট

১. প্রদত্ত দক্ষিণ আমেরিকার মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক সহ উল্লেখ করা আছে। যথোপযুক্ত স্থানে তাহাদের নামগুলি নির্দেশ করো। ৩

আন্দিজ পর্বতমালা, আমাজান নদি, ফকল্যান্ড, ক্যারিবিয়ান সাগর, মকরক্রান্তি রেখা, হর্ন অন্তরীপ।

২.ক. সঠিক উত্তরটির পাশে 'হ্যাঁ' আর ভুল উত্তরটির পাশে 'না' লেখো। **১×২=২**

২.ক.১. বায়ু যখন কোনও একটি নির্দিষ্ট উষ্ণতায় আর জলীয় বাষ্প ধরে রাখতে পারে না তাকে বায়ুর পরিপৃক্ত অবস্থা বলে।

২.ক.২. প্রতি ১০০০ মিটার উচ্চতার জন্য ৭.৫ সেন্টিগ্রেড তাপমাত্রা হ্রাস পায়।

২.খ. সঠিক উত্তরটি নির্বাচন করে বাক্য সম্পূর্ণ করো ঃ **১×২=২**

২.খ.১ উষ্ণ বা শীতল বায়ুর সংস্পর্শে এসে অন্য বায়ুর উত্তপ্ত বা ঠান্ডা হাওয়ার পদ্ধতিকে বলে বিকিরণ/পরিবহন/পরিচলন।

২.খ.২. পশ্চিমবঙ্গে বৈশাখ-জ্যৈষ্ঠ মাসে শিলাবৃষ্টি/অক্ষরৈখিক বৃষ্টি/বনাঞ্চলের বৃষ্টি হয়।

৩. নিম্নলিখিত প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাও ঃ **১×৩=৩**

ক. বিশ্বের বৃহত্তম হ্রদের নাম লেখো।

খ. পৃথিবীর বৃহত্তম নদী কোন্‌টি?

গ. দক্ষিণ আমেরিকার ঘনিষ্ঠ সান্নিধ্যে অবস্থিত অপর মহাদেশ কোন্‌টি?

৪. নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও ঃ **৩×২=৬**

ক. কী অবস্থায় উষ্ণতার বিপরীত অবস্থা দেখা যায়?

খ. বৃষ্টিচ্ছায় অঞ্চল কীভাবে সৃষ্টি হয়?

৫. ভূপ্রকৃতির বৈশিষ্ট্য অনুসারে দক্ষিণ আমেরিকা মহাদেশকে বিভিন্ন বিভাগে বিভক্ত করো এবং যে-কোনো একটি প্রধান বিভাগের ভূমিরূপের বৈশিষ্ট্য লেখো। ৪

	জ্ঞান				বোধ				প্রয়োগ				দক্ষতা				মোট
	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	
	২	১	-	৪	১	১	৬	-	-	১	-	-	-	-	৩	-	
মোট	৮				৮				১				৩				২০
	৪০%				৪০%				৫%				১৫%				

পঞ্চম একক অভীক্ষার নমুনা মূল্যায়ন পত্র

বিষয় ঃ ভূগোল

শ্রেণি — সপ্তম

পূর্ণমান-২০ **সময়-৪০ মিনিট**

১. প্রদত্ত দক্ষিণ আমেরিকার মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক সহ উল্লেখ করা আছে। যথোপযুক্ত স্থানে তাহাদের নামগুলি নির্দেশ করো। ৩

আমাজান নদী, পম্পাস তৃণভূমি, মানাওস শহর, প্যারাগুয়ে নদী, নিরক্ষ রেখা, আন্দিজ পর্বতমালা

২.ক বন্ধনীর মধ্য হতে সঠিক উত্তর বাছাই করে বাক্য সম্পূর্ণ করো ঃ ১×২=২

২.ক.১. আর্জেন্টিনার করডোবা শহরটি (দুগ্ধ শিল্প/মাংস রপ্তানি/রাসায়নিক শিল্পকেন্দ্র) হিসেবে প্রতিষ্ঠিত।

২.খ.২ (মারাজো/মারালান/মেডিয়া) হল আমাজন নদীর বৃহত্তম বদ্বীপ।

২.খ. ক স্তম্ভের সঙ্গে খ স্তম্ভ মিলিয়ে বাক্যে প্রকাশ করো ঃ ১×৩=৩

ক	খ
২.খ.১ আনাকোন্ডা সাপ	২.খ.১ আমাজনের মোহনায় অবস্থিত বন্দর
২.খ.২ বেলেম	২.খ.২. আমাজন অববাহিকায় পাওয়া যায়
২.খ.৩ এয়ার্স বুয়েন্স	২.খ.৩ পম্পাস তৃণভূমি অঞ্চলের শিল্পকেন্দ্র

৩. নিম্নলিখিত প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×২=২

ক. পম্পাস তৃণভূমি অঞ্চলের মানুষের প্রধান উপজীবিকা কী?

খ. এন্টনিও জলপ্রপাত আমাজনের কোন্ উপনদীর গতিপথে অবস্থিত?

৪. নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ৩×২=৬

ক. প্যাটাগনিয়া ও আটাকামা মরুভূমি সৃষ্টির কারণ ব্যাখ্যা করো।

খ. আমাজনকে পৃথিবীর বৃহত্তম নদী বলা হয় কেন?

৫. দক্ষিণ আমেরিকার নিরক্ষীয় এবং নাতিশীতোষ্ণ তৃণভূমি অঞ্চলের জলবায়ু ও স্বাভাবিক উদ্ভিদের মধ্যে সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

	জ্ঞান				বোধ				প্রয়োগ				দক্ষতা				মোট
	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.	স.উ.	র.ধ.	
	২	–	৩	–	–	২	৩	–	৩	–	৪		–	–	–	৩	
মোট	৫				৫				৭				৩				২০
	২৫%				২৫%				৩৫%				১৫%				

Summative Test

Class-VII

Subject : English (S.L)

Full marks : 80 (60 written + 20 oral)

Time : 2½ hours

Reading Comprehension (Seen)

1. Read the passage and answer the following questions :

"While they were trotting along together, the wolf spied a mark on the dog's neck. Out of curiosity he could not stop himself from asking what had caused it.

"Oh, that's nothing much," replied the dog. "Perhaps my collar was a little tight, the collar to which my chain is fastened."

"Chain!" cried the wolf in surprise. "You don't mean to tell me that you are not free to roam about wherever you like?" Why, not exactly," said the dog, somewhat shamefacedly. "You see, my master thinks I am a bit fierce, and so he ties me up in the day time. But he lets me run about freely at night. It really is very convenient for everybody. I get plenty of sleep during the day so that I can watch better at night. My master likes me very much. He feeds me well, and the servants are continually offering me food from the kitchen. But, wait, where are you going?"

As the wolf started back towards the forest he said, "Good night to you, my poor friend, you are welcome to your food and comfort–and your chains. As for me, I prefer my freedom to your fat."

A. Write TRUE or FALSE in the boxes given against the statements : 1×5=5

i. The dog was ashamed to reveal that he was not allowed to roam freely always. ☐

ii. The master of the dog considers the dog to be timid. ☐

iii. The wolf detested the idea of being in chain. ☐

iv. The wolf was curious to know what had caused the mark on the dog's neck.. ☐

B Fill in the chart with information from the text : 2×2=4

Cause	Effect
The dog's master thinks him to be fierce.	
	The wolf refused to follow the dog to his master's house.

C. Complete the sentences with information from the text : 1×4=4

1. The wolf found out a mark...

ii. The dog could watch better at night because...

iii. The wolf preferred...

iv. The dog was in chain...

Reading Comprehension (unseen)

2. Read the story and answer the following questions :

A group of soldiers came to the village tea shop and began to talk about their battles ans success in war. The villagers listened eagerly as the soldiers described how they fought and chased away the enemy.

Hodja, who had never really been a great soldier wanted to get some of the attention, "That reminds me of the time," said Hodja, "when with one swing of my great sword I cut off the leg of an enemy soldier."

One of the soldiers then turned to Hodja and said, "It would have been better to cut off his head."

"Of course!" said Hodja, "but sombody else had already done that."

A. Read the story and tick the correct ending that will complete the following sentences: 2×3=6

i. The soldiers were talking about battle in the a) village.....b) village tea shop.... c) village market........

ii. Hodja was a) very brave as a soldier.......b) braver than anyone in this group...... c) not a really brave soldier.........

iii. Hodja cut off the leg of a) an enemy soldier..........b) a headless soldier...........c) an already dead soldier...............

B. Fill in the chart with information from the given passage: 2×3=6

The soldiers talked about	
Who listened to the soldiers?	
Hodja cut off enemy's leg with	

Grammar and Vocabulary

3. Fill in the blanks with appropriate forms of the verbs: 1×5=5

One day when I............(came) to school I............(find) a little kitten on the road. I.........(take) it home and............(make) it my pet. Now it.................(become) a healthy big cat with three kittens of her own.

4. Fill in the blanks with adverbs: 1×2=2

i. The sun.................rises in the west.

ii. Pleasec, listen to the speech............

5. Change the following into reported speech:

The dog said to the wolf, "My master thinks I am a bit fierce."

6. Fill in the blanks with words from the text in question no. 2. (unseen comprehension):

i. You must work hard to have.........................

ii. The little child.........................me of my childhood days.

iii. My friend took the ice cream from me.........................

Writing Skill

7. Your friend who lives in Delhi has never visited West Bengal. Write a letter inviting him/her to stay with you at your place during the summer vacation/puja vacation for at least a week. You may include the following points: **10**

a) Weather in Bengal less hot than in Delhi

b) Special Bengali dishes that you will offer friend

c) Special fruits of the season (if any)

d) How you can enjoy the time together

e) When will your friend arrive-time, date and place.

8. Write a short dialogue between a balloon seller and a child. : **10**

সামগ্রিক মূল্যায়ন / বাৎসরিক পরীক্ষার নমুনা প্রশ্নপত্র

বিষয় ঃ গণিত

শ্রেণি — সপ্তম

পূর্ণমান- 70 সময় — 2 ঘণ্টা 15 মিনিট

1. সব প্রশ্নের উত্তর করো : $1\times7=7$

(i) কোনো বাস্তব সমস্যায় কাজের পরিমাণ ও তার জন্য প্রয়োজনীয় সময়ের মধ্যে কী ধরনের সম্পর্ক বর্তমান?

(ii) কোনো আয়তাকার ক্ষেত্রের পরিসীমা 48 মিটার ও দৈর্ঘ্য 15 মিটার। ওই ক্ষেত্রের প্রস্থ কত?

(iii) একটি বস্তুর গতিবেগ 45 মিটার/সেকেন্ড। 1800 মিটার অতিক্রম করতে তার কত সময় লাগবে?

(iv) ভাগফল নির্ণয় করো :

$-48x^9 + 12x^6 \div -3x^3$

(v) $25x^2 + 10x + 1$কে পূর্ণ বর্গাকারে প্রকাশ করো।

(vi) ab কে দুটি বর্গের অন্তররূপে প্রকাশ করো।

(vii) ABCD একটি বর্গক্ষেত্র, $\angle ABC$ কোণের মান কত?

2. সব প্রশ্নের উত্তর করো : $2\times5=10$


(i) 75 মিটার লম্বা একটি ট্রেন ঘণ্টায় 60,000 মিটার যায়। একটি গাছ অতিক্রম করতে ট্রেনটির কত সময় লাগবে?

(ii) 0·4-এর বর্গের সঙ্গে 0·3-এর বর্গ যোগ করলে যে সংখ্যার বর্গের সমান হয় সেই সংখ্যাটি কত?

(iii) $x - \frac{1}{x} = \frac{3}{2}$ হলে $x^2 + \frac{1}{x^2}$-এর মান কত?

(iv) রহিমের যত টাকা আছে রতনের নিকট তার দ্বিগুণ টাকা আছে। রহিম ও রতনের মোট টাকার পরিমাণ 90 টাকা হলে সমস্যাটির জন্য প্রয়োজনীয় সমীকরণ গঠন করো।

(v)



চিত্রটিতে $\angle AGH$-এর একান্তর কোণ এবং $\angle EGB$-এর বিপ্রতীপ কোণের নাম লেখো।

3. (i) সমান গতিবেগে চলে এমন একটি মালগাড়ি 2 ঘণ্টা 45 মিনিটে 49·5 কিমি দূরের একটি স্টেশনে পৌঁছায়। 58·5 কিমি দূরের স্টেশনে পৌঁছাতে গাড়িটির কত সময় লাগবে? 3

অথবা

গ্রামের একটি স্বেচ্ছাসেবক বাহিনী সেচের খাল কাটতে শুরু করে 25 দিনে 420 মিটার লম্বা খাল কেটেছিল। আরও 15 দিন কাজ করলে খালটির মোট দৈর্ঘ্য কত হবে?

4. যে-কোন তিনটি প্রশ্নের উত্তর দাও : **$5\times3=15$**

(i) 200 মিটার ও 240 মিটার লম্বা দুটি ট্রেন পাশাপাশি দুটি লাইনে ঘণ্টায় যথাক্রমে 42·5 কিমি ও 36·7 কিমি গতিবেগে পরস্পরের দিকে এগিয়ে আসছে। মিলিত হবার কতক্ষণ পর তারা পরস্পরকে অতিক্রম করবে?

(ii) একটি কাজ ক ও খ একা একা যথাক্রমে 10 দিন ও 15 দিনে করতে পারে। প্রথমে ক একা 4 দিন ও পরে খ একা 5 দিন কাজ করে চলে গেলে, গ এসে একা বাকি কাজটি 8 দিনে শেষ করে। ক, খ এবং গ একসঙ্গে কাজ করলে কতদিনে কাজটি শেষ করতে পারবে?

(iii) একটি ঘরের দৈর্ঘ্য 6 মিটার, প্রস্থ 5 মিটার ও উচ্চতা 3·5 মিটার। যদি ঘরটিতে 1·2 মিটার চওড়া এবং 1·75 মিটার উঁচু দুটি দরজা এবং 1·4 মিটার চওড়া এবং 1·2 মিটার উঁচু দুটি জানালা থাকে তবে—

(a) প্রতি বর্গমিটার 65 টাকা হিসাবে ঘরটির মেঝে সিমেন্ট করতে কত খরচ হবে?

(b) জানালা দরজা বাদ দিয়ে চারটি দেয়াল প্রতি বর্গমিটার 15 টাকা হিসাবে চুনকাম করতে কত খরচ পড়বে?

(iv) একটি আয়তাকার মাঠের দৈর্ঘ্য প্রস্থের তিনগুণ এবং ক্ষেত্রফল 192 বর্গমিটার। ওই মাঠের সমপরিসীমাবিশিষ্ট একটি বর্গাকার মাঠের ক্ষেত্রফল আয়তাকার মাঠের ক্ষেত্রফল থেকে কত বেশি হবে?

(v) একটি আপ ও একটি ডাউন ট্রেন কোনো একটি স্টেশনে মিলিত হয়ে একই সময়ে যাত্রা শুরু করে। 24 মিনিট পর ট্রেনদুটি বিপরীত দিকে দুটি স্টেশনে পৌঁছায় এবং তখন তাদের মধ্যে পারস্পরিক দূরত্ব থাকে 30 কিমি। আপ ট্রেনের গতিবেগ যদি ঘণ্টায় 40 কিমি হয়, তবে ডাউন ট্রেনের গতিবেগ কত ছিল?

5. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর করো : **$3\times3=9$**

(i) বর্গ নির্ণয় করো : $x - (y - z)$

(ii) $6x^2 - 1 = 4x$ হলে দেখাও $36x^2 + \frac{1}{x^2} = 28$

(iii) সরল করো : $\frac{a^4 - b^4}{(a+b)^2 - 4ab} \times \frac{a - b}{(a-b)^2 + 2ab} \div (a + b)$

(iv) উৎপাদকে বিশ্লেষণ করো $9(5c + 6d)^2 - 16(3c - 2d)^2$

(v) পূর্ণবর্গাকারে প্রকাশ করে মান নির্ণয় করো : $81x^2 - 18x + 1$, যখন $x = -1$

6. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর করো : **$4\times2=8$**

(i) পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি 65 বৎসর। 10 বছর পূর্বে তাদের বয়সের অনুপাত 7 : 2 ছিল। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত?—সমীকরণ গঠন করে সমাধান করো।

(ii) একটি থলিতে এক টাকা এবং পাঁচ টাকা মুদ্রায় মোট 170 টাকা ছিল। যদি অর্ধেক সংখ্যক টাকার মুদ্রা বের করে তার জায়গায় সমসংখ্যক পাঁচ টাকার মুদ্রা থলিতে রাখা যায়, তবে থলিতে মোট টাকার পরিমাণ হয় 210 টাকা। প্রথম থলিতে এক টাকা ও পাঁচ টাকার মুদ্রার সংখ্যা কত ছিল?—সমীকরণ গঠন করে সমাধান করো।

(iii) **উৎপাদকে বিশ্লেষণ করো :**

$4b^2c^2 - (b^2 + c^2 - a^2)^2$

(iv) **উৎপাদকে বিশ্লেষণ করো :** $3x^2 - y^2 + z^2 - 2xy - 4xz$.

(v) $a + b = 9$ এবং $a - b = 5$ হলে $\frac{a^2 + b^2}{2ab}$-এর মান কত?

7. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : **6×3=18**

(i) স্কেল ও কম্পাসের সাহায্যে একটি সমকোণী ত্রিভুজ অঙ্কন করো যার অতিভুজের দৈর্ঘ্য 10 সেমি এবং অপর একটি বাহুর দৈর্ঘ্য 8 সেমি। ত্রিভুজটির তৃতীয় বাহুটির পরিমাপ নির্ণয় করো।

(ii) ΔABC আঁকো যার $AB = 5$ সেমি ও $BC = 6$ সেমি এবং $CA = 7$ সেমি। কোণভেদে ত্রিভুজটির নাম লেখো।

(iii) ABCD সামান্তরিকটি আঁকো। দেওয়া আছে $AB = 6{\cdot}5$ সেমি, $BC = 9$ সেমি এবং $\angle ABC = 120^o$।

(iv) ΔBCD চর্তুভুজের $AB = 7{\cdot}5$ সেমি, $BC = 7{\cdot}8$ সেমি, $CD = 8{\cdot}1$ সেমি, $DA = 8{\cdot}4$ সেমি এবং AC কর্ণের দৈর্ঘ্য $10{\cdot}6$ সেমি। চতুর্ভুজটি আঁকো।

(v) একটি রম্বস আঁকো যার একটি কোণ 60^o এবং প্রতিটি বাহুর দৈর্ঘ্য $6{\cdot}5$ সেমি।

সামগ্রিক মূল্যায়ন
বিষয় ঃ ভৌতবিজ্ঞান
শ্রেণি — সপ্তম

পূর্ণমান-৭০ **সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট**

১। শূন্যস্থান পূরণ করো ঃ **১×৫=৫**

১.১ বায়ুমণ্ডলের শীতলতম স্তর হল——।

১.২ জলের উপরিতল সর্বদা——থাকে।

১.৩ অবাধে পতনশীল অবস্থায় কোনো বস্তুর——থাকে না।

১.৪ চাঁদের অভিকর্ষ বল হল পৃথিবীর অভিকর্ষ বলের——অংশ।

১.৫ পেরিস্কোপে দর্পণ দুটি নলের অক্ষের সাথে——কোণ করে আটকানো থাকে।

২। সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ঃ **১×৫=৫**

২.১ আচার্য জগদীশ চন্দ্র বসুর আবিষ্কৃত যন্ত্র হল ক্রোস্কোগ্রাফ/টিভি/লিভার/দূরবিন।

২.২ আলো লম্বভাবে প্রতিফলকের ওপর পড়লে প্রতিফলন কোণ হবে $90^o/0^o/45^o/60^o$

২.৩ বেতার তরঙ্গ প্রতিফলিত হয় ওজোনমণ্ডলে/আয়নমণ্ডলে/শান্তমণ্ডলে/ক্ষুব্ধমণ্ডলে।

২.৪ তাপ প্রয়োগে তামার চেয়ে লোহার প্রসারণ কম হয়/ বেশি হয়/কম অথবা বেশি উভয়ই হতে পারে/বিভিন্ন হয় না।

৩। একটি বাক্যে উত্তর দাও ঃ **১×১০=১০**

৩.১ ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট-এর প্রতিষ্ঠাতা কে?

৩.২ গন্ধ দিয়ে চেনা যায় এমন একটি গ্যাসের নাম লেখো।

৩.৩ সি.জি.এস পদ্ধতিতে অভিকর্ষজ ত্বরণের মান কত?

৩.৪ জলের চেয়ে হালকা একটি ধাতুর নাম লেখো।

৩.৫ গন্ধক কোন্ দ্রাবকে দ্রবীভূত হয়?

৩.৬ লোহার চুম্বকে পরিণত হওয়া কী জাতীয় পরিবর্তন?

৩.৭ বায়ুকে দূষিত করে এমন দুটি গ্যাস কী কী?

৩.৮ কোন্ ধরনের প্রতিফলনের জন্য বই পড়তে পারি?

৩.৯ বঙ্গীয় বিজ্ঞান পরিষদ কে প্রতিষ্ঠা করেন?

৩.১০ ভারতের পারমাণবিক শক্তি কমিশনের প্রথম চেয়ারম্যান কে ছিলেন?

৪। সংক্ষিপ্ত উত্তর দাও ঃ **২×১০=২০**

৪.১ অভিকর্ষ বল না থাকলে কী অসুবিধা হত?

৪.২ সিঁড়ি দিয়ে দোতলায় ওঠার সময় কষ্ট হয় কিন্তু নীচে নামার সময় হয় না কেন?

৪.৩ চাঁদে বায়ুমণ্ডল নেই কেন?

৪.৪ বরফ জলে ভাসে কেন?

৪.৫ কলের মুখ উঁচুতে থাকলে জল ধীরে ধীরে পড়ে কেন?

৪.৬ সমতল দর্পণে প্রতিফলন এবং দেয়ালে প্রতিফলনের দুটি পার্থক্য লেখো।

৪.৭ প্লাস্টিক ব্যবহারের মূল সমস্যা কী?

৪.৮ সাঁতার কাটার সময় হাত পা সঞ্চালন করতে হয় কেন?

৪.৯ কৃষিকাজের ফলে যে সব বর্জ্য পদার্থ উৎপন্ন হয় সেগুলির নাম লেখো।

৪.১০ ব্যারোমিটারের পারদস্তম্ভের উচ্চতা হঠাৎ নেমে গেলে কী হবে?

৫। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ **৫×৬=৩০**

৫.১ চিত্রসহ একটি পেরিস্কোপের গঠন, কার্যনীতি ও ব্যবহার উল্লেখ করো। **২+২+১**

৫.২ দ্বিধাতব পাত কী? এর দুটি ব্যবহার উল্লেখ করো। কখন আলোকরশ্মির বেশিরভাগ অংশ প্রতিফলিত হয়? **২+২+১**

৫.৩ বায়ুদূষণ নিয়ন্ত্রণে বৃক্ষরোপণ একান্ত প্রয়োজন—ব্যাখ্যা করো। টিকটিকি খাড়া দেয়ালে কীভাবে যাতায়াত করে? **$২\frac{১}{২} + ২\frac{১}{২}$**

৫.৪ কয়েকটি গৃহস্থালিজাত বর্জ্য পদার্থের নাম লেখা এবং সেগুলি কীভাবে আবার কাজের উপযোগী করে তোলা যায় তা সংক্ষেপে আলোচনা করো। **২+৩=৫**

৫.৫ নিয়মিত প্রতিফলনের সূত্র দুটি লেখো। মহাকর্ষ সূত্রটি বিবৃত করো। **২+৩=৫**

৫.৬ ব্যারোমিটারে পারদ ব্যবহারের সুবিধাগুলি লেখো। **৫**

বার্ষিক মূল্যায়ন

বিষয় ঃ জীবন বিজ্ঞান

শ্রেণি — সপ্তম

পূর্ণমান-৭০ **সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট**

১। সঠিক উত্তর নির্বাচন করে বাক্যটি সম্পূর্ণ করে লেখো। (যে-কোনো পাঁচটি) ১×৫=৫

(ক) অপ্রকৃত ফলের উদাহরণ হল—(i) আম (ii) কলা (iii) আপেল (iv) পেয়ারা

(খ) কুনোব্যাঙের দেহে মোট আঙুলের সংখ্যা হল—(i) 20টি (ii) 18টি (iii) 16টি (iv) 10টি।

(গ) পেরিকার্ডিয়াম আবরণী থাকে—(i) ফুসফুসে (ii) ক্ষুদ্রান্তে (iii) মস্তিষ্কে (iv) হৃৎপিণ্ডে।

(ঘ) Triticum aestivum বৈজ্ঞানিক নামটি হল—(i) তুলসির (ii) গমের (iii) ক্ষতিকর পতঙ্গের (iv) মসের।

(ঙ) একক গঠন নেফ্রন দেখা যায়—(i) নিউরনে (ii) বৃক্কে (iii) যকৃৎ (iv) শুক্রাশয়ে।

(চ) বীজের অঙ্কুরোদ্‌গমের জন্য প্রয়োজনীয় তাপমাত্রা হল—(i) 25^oC—35^oC (ii) 15^oC—20^oC (iii) 35^oC—55^oC (iv) 12^oC—18^oC.

(ছ) কুনো ব্যাঙের করোটি স্নায়ুর সংখ্যা হল—(i) 10 জোড়া (ii) 20 জোড়া (iii) 5 জোড়া (iv) 15 জোড়া।

২। সম্পূর্ণ বাক্যে উত্তর লেখো ঃ— (আটটি) ১×৮=৮

(ক) অসম্পূর্ণ ফুল বলতে কী বোঝ?

(খ) বীজপত্রাধিকাণ্ড (epicotyl) কী?

(গ) বৃত্যাংশ (sepal) কী?

(ঘ) 'কোকুন' কী?

(ঙ) পশ্চিমবঙ্গের কোন্ অঞ্চলে সিঙ্কোনা চাষ দেখা যায়?

(চ) তন্তু উৎপাদনকারী একটি উদ্ভিদের বিজ্ঞানসম্মত নাম লেখো।

(ছ) কুনোব্যাঙের একটি রক্তকোশের নাম লেখো।

(জ) 'ইলিয়াম' কী?

(ঝ) কুনোব্যাঙের ধমনিতন্ত্রের একটি প্রধান খিলান বা আর্চের নাম লেখো।

(ঞ) ধানের একটি অর্থনৈতিক গুরুত্ব উল্লেখ করো।

৩। নিম্নের প্রশ্নগুলির উত্তর লেখো ঃ (পাঁচটি) ২×৫=১০

(ক) একটি করে সামুদ্রিক ও মিঠাজলের মাছের নাম লেখো।

(খ) বিডার্স অঙ্গ কী?

(গ) সম্পূর্ণ অসমাঙ্গ ফুলের সংজ্ঞা নির্দেশ করো।

(ঘ) পেনিসিলিনের ব্যবহারগুলি উল্লেখ করো।

(ঙ) অঙ্কুরোদ্‌গমের সংজ্ঞা নির্দেশ করো।

(চ) একটি একবীজপত্রী ও একটি দ্বিবীজপত্রী বীজের উদাহরণ দাও।

(ছ) যৌগিকপত্র এবং সরলপত্র যুক্ত একটি করে তৈল উৎপাদনকারি উদ্ভিদের নাম লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নের উত্তর লেখ ঃ (আটটি) **৩×৮=২৪**

(ক) কখন ও কীভাবে একটি কুকুর আমাদের নিকট ক্ষতিকারক হয়ে ওঠে?

(খ) মশা নিয়ন্ত্রণের ব্যাপারে একটি ধারণা বিবৃত করো।

(গ) আম ফলের গঠন বর্ণনা করো।

(ঘ) মাছের ব্যবহার ও গুরুত্ব উল্লেখ করো।

(ঙ) জরায়ু ও গবিনীর মধ্যে পার্থক্য উল্লেখ করো।

(চ) ভুট্টার ব্যবহার ও গুরুত্বগুলি উল্লেখ করো।

(ছ) মধু ও মোমের বিভিন্ন ব্যবহার সম্পর্কে লেখো।

(জ) সংক্ষেপে পোলট্রি পাখিদের গুরুত্ব বর্ণনা করো।

(ঝ) কুনোব্যাঙের পৌষ্টিকতন্ত্রের কাজ সংক্ষেপে বর্ণনা করো।

(ঞ) কুনোব্যাঙের সুষুম্নাকাণ্ড ও পোর্টাল শিরা বলিতে কী বোঝায় তা লেখো।

৫। নিম্নের প্রশ্নগুলির উত্তর লেখ ঃ (তিনটি) **৫×৩=১৫**

(ক) মটর বীজের অঙ্কুরোদ্‌গমের জন্য বিভিন্ন শর্তাবলির প্রয়োজনীয়তা পরীক্ষাটি বর্ণনা করো।

(খ) কুনোব্যাঙের হৃৎপিণ্ডের বহির্গঠন বর্ণনা করো এবং কোন্‌টি নিক্ষেপ প্রকোষ্ঠ তা উল্লেখ করো।

(গ) কুনোব্যাঙের রেচনতন্ত্র বলতে কী বোঝ? এই তন্ত্রের সাথে যুক্ত অঙ্গগুলির বর্ণনা দাও।

(ঘ) 'ভেষজ উদ্ভিদ' বলতে কী বোঝ? এই ধরনের যে-কোনো দুটি উদ্ভিদের ব্যবহার ও গুরুত্ব উল্লেখ করো।

(ঙ) পৌষ্টিকতন্ত্র কাকে বলে? বিশেষভাবে পাকস্থলি ও অন্ত্রের উল্লেখ করে কুনোব্যাঙের পৌষ্টিকনালির বর্ণনা দাও।

৬। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ **৮×১=৮**

(ক) কুনোব্যাঙের স্ত্রীজনন তন্ত্রের একটি চিত্র অঙ্কন করে তার যে-কোনো ছয়টি অংশ চিহ্নিত করো।

(খ) কুনোব্যাঙের রেচনতন্ত্রের একটি চিত্র অঙ্কন করে তার যে-কোনো ছয়টি অংশ চিহ্নিত করো।

সামগ্রিক/বার্ষিক মূল্যায়ন
বিষয় ঃ ইতিহাস
শ্রেণি — সপ্তম

পূর্ণমান-৭০

সময়—৩ ঘণ্টা

১। নিম্নলিখিত প্রশ্নগুলি নির্দেশিকা অনুযায়ী উত্তর দাও ঃ ১×১০=১০

(ক) খ্রিস্টীয় চতুর্থ শতকের দুইটি জার্মান গোষ্ঠীর নাম——এবং——।—(শূন্যস্থান পূরণ কর।)

(খ) রোমান সাম্রাজ্যের পতনের সময়ে সেখানে খ্রিস্টধর্ম লোপ পায়।—(সত্য বা মিথ্যা নির্ণয় করো।)

(গ) বাইজানটিয়ামের নাম কনস্ট্যান্টিনোপল হবার তাৎপর্য কী?—(এক বাক্যে উত্তর দাও।)

(ঘ) আলহামরা কিজন্য বিখ্যাত ছিল?—(এক বাক্যে উত্তর দাও।)

(ঙ) ম্যানর কথাটির অর্থ হল—ভূসম্পত্তির মালিক/কৃষিকাজের জমি/শিল্পমালিক।—(সঠিক উত্তরটি খুঁজে নাও।)

(চ) স্কোয়ার, পেজ, নাইট—বয়স ও ক্ষমতা অনুযায়ী সঠিক পর্যায় সাজাও।

(ছ) মধ্যযুগে টাউন কাউন্সিলের কী কাজ ছিল?—(এক বাক্যে উত্তর দাও।)

(জ) রাজা শশাঙ্কের রাজধানী ছিল——। (শূন্যস্থান পূরণ করো)।

(ঝ) মধ্যযুগে ভারতবর্ষের সবচেয়ে প্রসিদ্ধ বিশ্ববিদ্যালয় ছিল——। (শূন্যস্থান পূরণ করো)।

(ঞ) কোপারনিকাস কীসের জন্য বিখ্যাত?—(এক বাক্যে উত্তর দাও।)

২। দুই বা তিন বাক্যে উত্তর দাও ঃ ২×১০=২০

(ক) চতুর্থ শতকে জার্মান এবং রোমান সভ্যতার আদান-প্রদানের ফলাফল কী হয়?

(খ) বাইজান্টাইন সভ্যতার পতনের দুইটি কারণ নির্ণয় করো।

(গ) বোগদাদ কীভাবে সংস্কৃতির কেন্দ্র হয়ে উঠেছিল?

(ঘ) সামন্তপ্রথার যুগে দুর্গের জীবন কেন অসহনীয় ছিল?

(ঙ) সামন্ততন্ত্রে রাজার ক্ষমতা কীভাবে নষ্ট হয়?

(চ) মধ্যযুগের নগরে ট্রেড গিল্ডের কী কাজ ছিল?

(ছ) মাৎস্যন্যায় মানে কী? বাংলায় মাৎস্যন্যায়ের অবসান ঘটে কীভাবে?

(জ) পল্লব রাজাদের মন্দির নির্মাণ রীতির দুটি নিদর্শন দাও।

(ঝ) রেনেসাঁস কীভাবে ইউরোপে জ্ঞানোন্মেষের সহায়তা করে?

(ঞ) মধ্যযুগে কীভাবে জাতীয় রাষ্ট্র গড়ে ওঠে?

৩। সাত বা আট বাক্যে উত্তর দাও ঃ (যে-কোনো চারটি) ৪×৪=১৬

(ক) রোম সাম্রাজ্য জার্মান অধিবাসীদের রাজনৈতিক সংগঠন সংক্ষেপে আলোচনা করো।

(খ) বাইজান্টাইন সাম্রাজ্য কীভাবে রোমান সংস্কৃতির সংরক্ষণ করেছিল?

(গ) কর্ডোভা কীজন্য বিখ্যাত, সংক্ষেপে লেখো।

(ঘ) সামন্তযুগে কৃষকরা কেন ভূস্বামীদের বিরুদ্ধে বিদ্রোহ করেছিল?

(ঙ) মধ্যযুগে নগরগুলি কীভাবে স্বায়ত্তশাসনের সনদ আদায় করেছিল?

(চ) পাল ও সেন যুগে বাংলার সংস্কৃতির অগ্রগতির পরিচয় দাও।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ (যে-কোনো চারটি) **৬×৪=২৪**

(ক) মধ্যযুগকে কেন 'অন্ধকার যুগ' বলা হয়? এই মতটি যে ঠিক নয়, উদাহরণ দিয়ে তা প্রমাণ করো। (বোধ)

(খ) জাস্টিনিয়ানের পৃষ্ঠপোষকতায় স্থাপত্য-শিল্পের এবং চিত্র শিল্পের অগ্রগতির পরিচয় দাও।

(গ) আরবদের জ্ঞান আহরণ ও বিতরণের ক্ষেত্রে অবদানের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) মধ্যযুগে সামন্তপ্রভুরা কীভাবে তিন পর্যায় লড়াই-এর কলাকৌশল শিখত? তাদের কী কী আদর্শ পালন করতে হত? (জ্ঞান)

(ঙ) হর্ষবর্ধনের রাজধানী কোথায় ছিল? তাঁর রাজ্যের বিস্তার কী ছিল? তাঁর কৃতিত্ব সংক্ষেপে বর্ণনা করো। (জ্ঞান)

(চ) কনস্টান্টিনোপলের পতন কীভাবে ইউরোপের ইতিহাসকে প্রভাবিত করে? এই যুগে কলম্বাস ও ম্যাগেলান কী কী ভৌগোলিক আবিষ্কার করেন?

সামগ্রিক মূল্যায়ন
বিষয় ঃ ভূগোল
শ্রেণি — সপ্তম

পূর্ণমান-৭০

সময় — ২ ঘন্টা ৩০ মিনিট

১। প্রদত্ত পৃথিবীর মানচিত্রে উপযুক্ত চিহ্ন নির্দেশ করা হয়েছে। যথোপযুক্ত স্থানের নাম নির্দেশ করো। **১×১০=১০**

১.১ চাঁদ হ্রদ

১.২ নীল নদ

১.৩ খার্টুম

১.৪ দক্ষিণ আটলান্টিক মহাসাগর

১.৫ আমাজন নদী

১.৬ বুয়েনস এয়ার্স

১.৭ পম্পাস তৃণভূমি অঞ্চল

১.৮ গিয়ানা উচ্চভূমি

১.৯ কায়রো

১.১০ ভিক্টোরিয়া হ্রদ

২। (ক) সঠিক উত্তরটি নির্বাচন করো। **১×১০=১০**

১. নিরক্ষীয় অঞ্চলে দিনরাত্রি কখনও সমান/অসমান/কখনও সমান কখনও অসমান।

২. অক্ষরেখাগুলি পরাবৃত্ত/অর্ধবৃত্ত/উপবৃত্ত।

৩. একাধিক নদীর সংযোগস্থলকে বলে নদীসংগম/নদী উপত্যকা/নদী অববাহিকা।

৪. প্রতি ১০০০ মিটার উচ্চতায় তাপমাত্রা ৬.৪ ডিগ্রি সেন্টিগ্রেড/৫.৪ ডিগ্রি সেন্টিগ্রেড/৪.৪ ডিগ্রি সেন্টিগ্রেড হারে হ্রাস পায়।

৫. মেরুবৃত্ত থেকে মেরুবিন্দু পর্যন্ত অঞ্চলকে নাতিশীতোষ্ণমণ্ডল/উষ্ণমণ্ডল/হিমমণ্ডল বলে।

৬. গম/ধান/মিলেট/ পম্পাস অঞ্চলের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ফসল।

৭. সাহারা মরুভূমির জলবায়ু সমভাবাপন্ন/চরমভাবাপন্ন/উষ্ণভাবাপন্ন।

৮. মারাজো/মিশমি/মেডিরা হল আমাজনের দ্বারা গঠিত দ্বীপ।

৯. আলেকজান্দ্রিয়া/ত্রিপোলি/খার্টুম ভূমধ্যসাগরের তীরবর্তী সমুদ্র বন্দর।

১০. আর্জেন্টিনায় স্তেপ তৃণভূমি অঞ্চলের নাম পম্পাস/সাভানা/কাঁচাগুল্ম।

২। (খ) সঠিক উত্তরটি বেছে বাক্য সম্পূর্ণ করো। **১×৫=৫**

১. মুলমধ্যরেখা বা ০ ডিগ্রি দ্রাঘিমা রেখার বিপরীতে অবস্থিত দ্রাঘিমারেখাটি—

(অ) ১৮০ ডিগ্রি পূর্ব দ্রাঘিমা রেখা

(আ) ১৮০ ডিগ্রি পশ্চিম দ্রাঘিমা রেখা

(ই) ১৮০ ডিগ্রি দ্রাঘিমা রেখা

২. সূর্য নিরক্ষরেখার ওপর বছরে যে দুটি দিন লম্বভাবে কিরণ দেয় সেই দুটি দিন হল—
অ) ২১ মার্চ আর ২৩ সেপ্টেম্বর
আ) ২১ মার্চ আর ২১ জুন
ই) ২৩ সেপ্টেম্বর আর ২২ ডিসেম্বর

৩. নীলনদের অববাহিকা অঞ্চলে তুলা হল—
অ) দীর্ঘ আঁশযুক্ত তুলা
আ) মধ্যম আঁশযুক্ত তুলা
ই) ক্ষুদ্র আঁশযুক্ত তুলা

৪. আমাজন অববাহিকায় গভীর অরণ্য সৃষ্টি হওয়ার কারণ—
অ) সারাবছর বৃষ্টিপাত
আ) গ্রীষ্মকালে বৃষ্টিপাত
ই) শীতকালে বৃষ্টিপাত

৫. সাহারাতে ক্যারাভান পরিবহন বলতে বোঝায়—
অ) শ্রেণিবদ্ধ উটবাহিত পরিবহন
আ) শ্রেণিবদ্ধ ঘোড়াবাহিত পরিবহন
ই) শ্রেণিবদ্ধ হস্তিবাহিত পরিবহন

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাও ঃ **১×১০=১০**

১. পরিক্রমণের জন্য পৃথিবী কত সময় নেয়?
২. নিরক্ষীয় অঞ্চলে কী ধরনের বৃষ্টিপাত হয়?
৩. নদির কোন অংশে 'ব'দ্বীপ দেখা যায়?
৪. অক্ষরেখার সর্বোচ্চ মান কত?
৫. সুয়েজ খাল কোন্ কোন্ স্থানকে যুক্ত করেছে?
৬. সুদানের রাজধানীর নাম কী?
৭. দুটি নদীর অববাহিকার মধ্যবর্তী উচ্চভূমিকে কী বলে?
৮. সাহারা মরুভূমির হ্রদগুলিকে কী বলে?
৯. আমাজন অববাহিকায় কী ধরনের জলবায়ু দেখা যায়?
১০. পম্পাস তৃণভূমি অঞ্চলের দুটি গুরুত্বপূর্ণ নদীর নাম বল।

৪। 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভটি মিলিয়ে একটি বাক্য গঠন করো **১×৫=৫**

ক	খ
১. খরস্রোত	১. ৮৮°৩০´পূর্ব
২. চিরহরিৎ বৃক্ষের নিবিড় বনাঞ্চল	২. নদীর পার্বত্য অবস্থায় দেখা যায়
৩. কলকাতার দ্রাঘিমাংশের মান	৩. সাড
৪. মূলমধ্যরেখার মান	৪. ০°
৫. তৃণময় মালভূমি অঞ্চল	৫. সেলভা

৫। নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ **৩×৬=১৮**

১. উত্তর গোলার্ধে বছরে কোন্ সময় এবং কেন ২৪ ঘণ্টা দিন হয়?

২. একটি গোলক অঙ্কন করে কর্কটক্রান্তি, কুমেরুবৃত্ত ও নিরক্ষরেখা বসাও।

৩. নদীতে কীভাবে স্বাভাবিক বাঁধের সৃষ্টি হয়?

৪. সমুদ্র সমতলে বায়ুর চাপ বেশি থাকে এবং পর্বতের ওপর বায়ুর চাপ কম হয় কেন?

৫. পশুপালন পম্‌পাস তৃণভূমি অঞ্চলের জীবিকায় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে—এর কারণ আলোচনা করো।

৬. শৈলোৎক্ষেপ বৃষ্টিপাতে প্রতিবাত ঢালের ভূমিকা ব্যখ্যা করো।

৬। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও। **৪×৩=১২**

১. ঋতু পরিবর্তন কীভাবে হয় তা চিত্র সহ আলোচনা করো।

২. নদীর পার্বত্য গতিতে কী কী ভূমিরূপ সৃষ্টি হয় আলোচনা করো।

৩. নীলনদের উৎপত্তি গতিপথ আলোচনা করো।

Unit Test wise break-up of Syllabus

Subject : English (Second Language)

Class VII

Unit Test	Lesson
Unit-I	Lesson – 1 Banishing Mosquitoes and Flies. Lesson – 2 Little Rabi. Lesson – 3 The Lady with the lamp.
Unit-II	Lesson – 4 A Tale About Tails. Lesson – 5 A Great Leader. Poems : The Kitten at Play (Recitation) If I kenw
Unit-III	Lesson – 5 Nature in the Northern Region. Lesson – 6 Two Friends. Lesson – 7 A Drama On A Rainy Day. Lesson – 8 How Fast They Move (Part - I)
Unit-IV	Lesson – 8 Who's Stronger (Part-II) Lesson – 9 Letter Writing (Part-I) Making Requests (Part-II) Invitations (Part-III)
Unit-V	Lesson – 10 The Eagle And The Ant. Lesson – 11 The Hosue Dog And The Wolf. Lesson – 12 Reporting a Project. Poems : The Boy's Song A Fairy Went a - Marketing (Recitation)

Note :

The written test should include : ● Reading Comprehensin [Seen and Unseen] ● Grammar and Vocabulary, Writing Skill : — as practised in the text prescribed for each unit test.

Unitwise break-up of Syllabus

Subject : Mathematics

Class VII

Unit Test	Arithmetic	Algebra	Geometry
First	Chapter – 1 Exercise on previous lessons Exercise – 1 Chapter 2 : Lesson - 1 Ratio : Article 2.1.1. to 2.1.6 and Exercise - 2	Chapters – 6 to 8 Article 6.1.1 to 8.1.6 Exercise – 15, 16 and 17	Chapter – 12 Exercise – 30
Second	Chapter – 2 : Lesson – 1 Ratio : Articles 2.1.7 and 2.1.8 Exercise – 3	Chapter – 8 Article 8.1.7 to 8.1.15 Exercise – 18 and 19	Chapter – 13 Article : 13.1.1 to 13.1.5 Exercise – 31
Third	Chapter – 2 : Lesson – 2 Article 2.2.1 to 2.2.14 Exercise – 4 Chapter – 3 : Lesson – 1 Article 3.1.1 to 3.1.6 Exercise – 5 and 6	Chapter – 9 Article 8.1.16 to 9.1.5 Exercise – 20, 21, 22	Chapter – 13 Article : 13.1.6 to 13.1.12 Exercise – 32
Fourth	Chapter – 3 : Lesson – 2 Article 3.2.1 to 3.2.6 Exercise : 7 and 8	Chapter – 10 Article 10.1.1 to 10.1.5 Exercise – 23 and 24	Chapter – 13 Article : 13.1.13 to 13.1.20 Exercise – 33
Fifth	Chapter – 4 : Lesson – 1 Article 4.1.1 to 4.1.8 Exercise 9 and 10 Chapter – 4 : Lesson – 2 Article 4.2.1 to 4.2.3 Exercise – 12 Chapter 5 : Articles 5.1.1 and 5.1.2	Chapters 10 and 11 Article 10.1.6 to 11.1.4 Exercise – 25 to 29	Chapter – 14 Article 14.1.1 to 14.1.16 Exercise – 34

Unitwise break-up of Syllabus

Subject : Physical Science

Class VII

1st Unit Test :

Unit 1 :

What is Physical Science? Science involves systematisation of Knowledge by observation, measurement and inference. How the thinking of great natural philosophers through the ages has influenced the development of science and technology as we know them today. Brief mention of the contribution of Indian philosophers & scientists in this direction. Short life stories of some eminent Indian scientists—Acharya Jagadish Chandra Bose, Acharya Prafulla Ch. Roy, Sir C. V. Raman, Prof. Prasanta Mahalanabis, Prof. Meghnad Saha, Satyendranath Bose, Prof. H. J. Bhaba, Prof. Santiswarup Bhatnagar—their principal contribution to science & society without going into technical details.

2nd Unit Test :

Unit 2 : Air

